দৈনিক খবর

তারিখ ... 05 JUL 1993 ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ৭ ...

12

# মাদ্রাসা তত্ত্বাবধায়কের বিরুদ্ধে নানা অভিযোগ স্মারকলিপি

গোপালগঞ্জ, ৪ঠা জুলাই (আহাম্মাদ আলী প্রেরিত)।–সদর থানার উলপুর বালিকা মাদ্রাসা ও এতিমখানার তত্ত্বাবধায়ক মৌলবী মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে ঐ এতিমখানার শিক্ষিকা জেসমিন বেগমের সাথে অবৈধ সম্পর্ক গড়ে তোলা, দুর্নীতি, অনিয়ম ও অবৈধভাবে অর্থ উপার্জনের অভিযোগে গত ২৭শে মে উলপুর এলাকাবাসীর পক্ষ থেকে জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি প্রদান করা হয়।

স্মারকলিপিতে এতিমখানা ও গ্রামের স্বাভাবিক ও ধর্মীয় পরিবেশ বিঘ্নিত করা, নিয়ম বহির্ভূতভাবে অর্থ উপার্জন করে বেনামে সম্পত্তি করা, নিজ ও স্ত্রীর নামে ২ লাখ টাকার জীবন বীমা পলিসি করাসহ বিভিন্ন অভিযোগ উত্থাপন করে তাকে অপসারণ ও বিচারের দাবী জানানো হয়েছে। এ ব্যাপারে জেলা প্রশাসক সদর থানা নির্বাহী কর্মকর্তা সুকুমার সাহাকে ঘটনাটি তদন্তের দায়িত্ব দেয়া হয়। সদর থানা নির্বাহী কর্মকর্তা গত ১৫ই জুন দুপুর ২ ঘটিকায় উলপুর বালিকা এতিমখানা মাদ্রাসা পরিদর্শন করেন এবং বালিকা এতিমখানা মাদ্রাসার সকল কাগজপত্রাদি ছিজ করেন।

উল্লেখ্য, বিগত ৮৯ সালে ঐ এতিমখানা বালিকা মাদ্রাসার তত্ত্বাবধায়ক মোস্তাফিজুর রহমান ঐ এতিমখানার ছাত্রী জনৈকা মাহফুজা খানমের সাথে অবৈধ সম্পর্ক গড়ে-তুললে তার দ্বিতীয় স্ত্রী তাতে প্রতিবাদ করায় তাকে মারধর করে হত্যা করে আত্মহত্যা বলে চালিয়ে দেয়।

এ ব্যাপারে গোপালগঞ্জ থানার দারোগা সুবোধ কুমার পাল ও তৎকালীন উপজেলা ম্যাজিস্ট্রেট ইউসুফ মিয়া লাশ কবর থেকে তুলে ময়না তদন্তের নির্দেশ দেন। উক্ত মহিলা কোরআনে হাফেজ নেককার পর্দানশীল হওয়ায় তার আত্মীয় ও এলাকাবাসীর অনুরোধে ঐখানেই এ ঘটনা চাপা পড়ে থাকে এবং এলাকাবাসী দাবী করেন যে হুজুর মোস্তাফিজুর রহমানকে ওয়াদা করতে হবে তার ছাত্রী মাহফুজাকে বিবাহ করতে পারবে না। কিন্তু পরবর্তীতে উক্ত হুজুর ছাত্রী মাহফুজাতে বিয়ে করেন।

এ ঘটনার পর এলাকাবাসী ক্ষিপ্ত হয়ে গত ১৫/৪/৯০ গণমিছিল করে মোস্তাফিজুর রহমানের অপসারণের দাবীতে। এ গণমিছিলের ঘটনা বিকৃত রূপ দিয়ে মোস্তাফিজুর রহমান জেলা প্রশাসকের নিকট এক আবেদন করেন। এ আবেদনের প্রেক্ষিতে গত ১৮/৪/৯০ ইং তারিখে তৎকালীন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও ম্যাজিস্ট্রেট কাসিম উদ্দিন তদন্ত করেন এবং তদন্ত রিপোর্ট পেশ করেন যার মধ্যে (ক) এতিমখানার কমিটি পুনর্গঠন করতে হবে, (খ) স্থানীয় ইউপি চেয়ারম্যানের নিকট এতিমখানার যে ৩০ হাজার টাকা আছে তা অবিলম্বে কমিটির নিকট হস্তান্তরের ব্যবস্থা গ্রহণ করতে হবে, (গ) গোলমালের প্রধান উপাদান মাহফুজাকে বিবাহকারী তত্ত্বাবধায়ককে অবিলম্বে এতিমখানা থেকে অব্যাহতি দিয়ে নতুন তত্ত্বাবধায়ক নিয়োগ করার নির্দেশ দেন।